



বিজ্ঞপ্তি  
৩১ অগস্ট ২০২০



আমাদের দেশের উন্নয়নের গতিপ্রকৃতিতে একটি অলঙ্ঘনীয় চিহ্ন রেখে গেছেন স্বর্গীয় প্রণব মুখোপাধ্যায়। একজন অসাধারণ পণ্ডিত, এক গৌরবময় রাষ্ট্রনায়ক হিসাবে রাজনীতি তথা সমাজের সমস্ত স্তরে উচ্চপ্রশংসিত ছিলেন প্রণববাবু। ভারতের পদ্মবিভূষণ প্রণব মুখোপাধ্যায়ের জীবনাবসানে আমরা গভীরভাবে শোকাহত। তাঁর প্রয়াণে আমরা মর্মাহত। তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করি আমরা। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশিকা অনুযায়ী, মেমারি কলেজে আগামীকাল (১ সেপ্টেম্বর ২০২০) অনলাইন পঠনপাঠন ও পঠনসংক্রান্ত যাবতীয় অনলাইন কার্যকরণ স্থগিত থাকবে।

স্বাধীনতার পর যে সব বাঙালি নেতানেত্রী দিল্লির রাজনীতিতে সক্রিয় থেকেছেন, তাঁদের মধ্যে সফলতম এবং উজ্জ্বলতম নামটা অবশ্যই স্বর্গীয় মাননীয় প্রণব মুখোপাধ্যায়। ২০১২ সালে রাষ্ট্রপতি হন শ্রী মুখোপাধ্যায়। বঙ্গ সন্তান রূপে তাঁর সাফল্য কেবল বাঙালি পরিচয়ের সীমা ছাড়িয়ে আসলে বহু দূর বিস্তৃত হতে পরেছিল। ভারতীয় রাজনীতির ইতিহাসে এক অধ্যায়ের সমাপ্তি। প্রণববাবুর মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করছি আমরা। পক্ষপাতদুষ্ট রাজনীতির উর্ধ্বে উঠে এক জন ঋষির মতো রাষ্ট্রনেতার ভূমিকায় ভারতমাতার সেবায় দেখা গিয়েছে তাঁকে। দেশ একজন মহান নেতাকে হারাল। আমি, মেমারি কলেজের পক্ষ থেকে, শ্রী প্রণব মুখোপাধ্যায়ের পরিবার, বন্ধু এবং সকল দেশবাসীর প্রতি গভীর সমবেদনা জানাই।

বি.ড্র. আগামীকাল, ১ সেপ্টেম্বর ২০২০, কলেজের অনলাইন ভর্তি প্রক্রিয়া স্থগিত থাকছে না।

  
31. 08. 2020  
Principal  
Memari College  
Memari, Burdwan

